



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল একাডেমি ফর অর্টিজম এন্ড নিউরো-ডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটিজ (NAAND)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.naand.gov.bd



স্মারক নং: মাউশি/অটি.একা.স্বা.প্র./মাস্টার ট্রেনিং/৩৫/২০১৬ (অংশ-১)/ ৪৬২

তারিখঃ ১২/০৮/২০২১ খ্রি.

বিষয় : অর্টিজম ও এনডিডি বিষয়ক মাস্টার ট্রেনিং প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণে আগ্রহী বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তাদের নিকট হতে দরখাস্ত আহ্বান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন “ন্যাশনাল একাডেমি ফর অর্টিজম এন্ড নিউরো-ডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটিজ (NAAND)” প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থবছরে ৬টি ব্যাচে মোট ৩০০ জনকে (প্রতি ব্যাচে ৫০ জন করে) অর্টিজম ও এনডিডি বিষয়ক ১০ (দশ) দিনব্যাপী মাস্টার ট্রেনিং প্রশিক্ষণ প্রদানের পরিকল্পনা রয়েছে। উক্ত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণে আগ্রহী বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে নিম্নোক্ত ছক মোতাবেক ই-মেইল- naandtraining@gmail.com এ দরখাস্ত প্রেরণের জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য হার্ডকপিতে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

ক্রমিক	নাম, আইডি, পদবী ও কর্মস্থল	বিষয়	বিসিএস ব্যাচ	স্থায়ীকরণ হয়েছে কিনা?	নিজ জেলা	জন্ম তারিখ	মোবাইল নম্বর	ইমেইল আইডি	পরিবারে কোন অর্টিজম বা এনডিডি শিশু আছে কি না?
১.									

মাস্টার ট্রেনিং কোর্সে আবেদনের ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহঃ-

- আবেদনকারীকে অবশ্যই বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারভুক্ত কর্মকর্তা হতে হবে;
- যারা পূর্বে এই প্রশিক্ষণ গ্রহণ করেছেন, তাঁদের আবেদন করার প্রয়োজন নেই;
- যে সকল শিক্ষকদের সন্তানের অর্টিজম ও এনডিডি সমস্যা রয়েছে তাঁরা অগ্রাধিকার পাবেন;
- মনোবিজ্ঞান, সমাজকল্যাণ ও সমাজবিজ্ঞান বিষয়ের প্রভাষক ও সহকারী অধ্যাপক পর্যায়ের শিক্ষকগণ অগ্রাধিকার পাবেন;
- একীভূত শিক্ষায় (Inclusive Education) প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকগণ অগ্রাধিকার পাবেন;
- প্রশিক্ষণ আয়োজনের তারিখ, ভেন্যু ও প্রশিক্ষণের জন্য চূড়ান্তভাবে মনোনীতদের তালিকা মাউশি অধিদপ্তর এবং NAAND প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

মহাপরিচালক, নায়ম/ মহাপরিচালক, ব্যানবেইস/ চেয়ারম্যান, শিক্ষা বোর্ড (সকল) / চেয়ারম্যান, এনসিটিবি / অধ্যক্ষ, সরকারি কলেজ (সকল) / অধ্যক্ষ, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (সকল) / অধ্যক্ষ, বিএমটিটিআই/ পরিচালক, এইচএসটিটিআই (সকল)

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)
মহাপরিচালক
ফোন # ০২-৯৫৬৩৩৯০

স্মারক নং: মাউশি/অটি.একা.স্বা.প্র./মাস্টার ট্রেনিং/৩৫/২০১৬ (অংশ-১)/

তারিখঃ ১০/৮/২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে পেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৩. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৪. পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।

(প্রফেসর ড. মোহাম্মদ দিদারুল আলম)
প্রকল্প পরিচালক
ফোন: ০২-৯৫৮৮৪৫৫